# বিকেলে ঘোষণাপত্র, রাতে জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আজ মঙ্গলবার জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। বিকেলে তিনি জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় পাঠ করবেন ঐতিহাসিক 'জুলাই ঘোষণাপত্র'। দিনব্যাপী সাংস্কৃতিক আয়োজনে মুখর থাকবে রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউ।

জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৫ উপলক্ষে আজ (৫ আগস্ট) রাত ৮টা ২০ মিনিটে জাতির উদ্দেশে গুরুত্বপূর্ণ ভাষণ দেবেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। বাংলাদেশ টেলিভিশন ভাষণটি সরাসরি সম্প্রচার করবে। প্রধান উপদেষ্টার প্রেস উইং এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছে।

এর আগে বিকেল ৫টায় জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় আয়োজন করা হয়েছে 'জুলাই ঘোষণাপত্র' পাঠ অনুষ্ঠানের। সেখানে উপস্থিত থাকবেন বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি, জুলাই আন্দোলনের শহিদ পরিবারের সদস্য এবং আহত যোদ্ধারা। সবার সামনে অধ্যাপক ইউনূস পাঠ করবেন এই ঐতিহাসিক ঘোষণাপত্র, যা বর্তমান রাজনীতি ও ভবিষ্যতের পথনকশা নির্ধারণে গুরুত্বপূর্ণ দলিল হিসেবে বিবেচিত হচ্ছে।

এছাড়াও, রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউজুড়ে দিনব্যাপী অনুষ্ঠিত হচ্ছে সাংস্কৃতিক অনুষ্ঠান। সেখানে গান, আবৃত্তি, পথনাটকসহ নানা পরিবেশনার মাধ্যমে তুলে ধরা হচ্ছে গণঅভ্যুত্থানের স্মৃতি, আত্মত্যাগ ও চেতনা। আয়োজকরা বলছেন, এই অনুষ্ঠান দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে স্মরণ করিয়ে দেবে নতুন প্রজন্মকে।